



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

তারিখ: ০১/০১/২০২৪

নববর্ষ উপলক্ষে পাবিপ্রবি উপাচার্যের শুভেচ্ছা

(০১-০১-২০২৪): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন খ্রিষ্টীয় নববর্ষ-২০২৪ উপলক্ষে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশে উপাচার্য মহোদয় এক বাণীতে বলেন, নতুন স্বপ্নে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে নতুন বছরকে স্বাগত জানাই। ২০২৪ সবার জন্য বয়ে আনুক নতুন সম্ভাবনা, নতুন উদ্দীপনা, নতুন সূচনা। নতুন আলোয় জেগে উঠবে আমাদের প্রিয় পাবিপ্রবি। আমি প্রত্যাশা করছি, নতুন বছর শিক্ষার্থীদের জন্য হবে চমৎকার সময়, নতুন গল্পে ভবিষ্যতে এগিয়ে যাওয়ার সোনালী প্রত্যয়ে তাঁরা নিজেদেরকে উজ্জীবিত করবে। নব উদ্দীপনায় নতুন অধ্যায়ের সূচনা করবে। উন্নত সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ার কাজে শিক্ষার্থীরা নিজেদেরকে যেমন নিয়োজিত করবে পাশাপাশি জ্ঞান-চর্চা, জ্ঞান-অন্বেষণে আরও মনোযোগী হবে। সকলের সার্বিক সহযোগিতায় আমাদের প্রিয় শিক্ষা প্রতিষ্ঠান হয়ে উঠবে শিক্ষার তীর্থভূমি। নতুন বছর সবার জীবনে বয়ে আনুক অনাবিল আনন্দ, সুখ-শান্তি-সমৃদ্ধি ও সফলতা।

বার্তা প্রেরক

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

অতিরিক্ত পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নং: ০১৭১১৯৪২২১২,

faruk_kantho@yahoo.com